দৈনিক আমাদের সময়

তারিখ 13 MAY 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

মিরপুরে স্কুলছাত্র হত্যা

# বখাটে কিশোরকে ধরতে পারেনি পুলিশ

নিজস্ব প্রতিবেদক ● মিরপুরের আদর্শ উচ্চ বিদ্যালয়ের মেধাবী ছাত্র বাবুল সিকদার হৃদয়কে হত্যার ঘটনায় জড়িত কিশোর বিধানকে গ্রেপ্তার করতে পারেনি পুলিশ। এ ঘটনায় গতকাল বৃহস্পতিবার বিকালে বিধানকে আসামি করে মিরপুর মডেল থানায় হত্যা মামলা করেছেন বাবুলের বাবা মোস্তফা সিকদার। বিধান ঢাকা উত্তর সিটি করপোরেশনের ১২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ইকবাল হোসেন তিতু ও সাবেক ছাত্রলীগ নেতা আনোয়ার হোসেন লিটুর ভাগ্নে। মিরপুর এলাকায় তারা প্রভাবশালী। মামাদের প্রভাবেই বিধান বেপরোয়া হয়ে উঠেছে। বুধবার সকালে ক্রিকেট খেলার সময় নো বলকে কেন্দ্র করে বাগ্‌বিতণ্ডার এক পর্যায়ে স্ট্যাম্প দিয়ে আঘাত করে বাবুলকে হত্যা করে বিধান। ওইদিনই তার এসএসসির ফল প্রকাশিত হলে দেখা যায়, সে জিপিএ-৫ পেয়েছে। ঘটনার পর থেকেই খুনি কিশোর বিধান পলাতক। মিরপুর থানার এসআই শাহজাহান বলেন, ঘটনার পর থেকেই বিধানকে গ্রেপ্তারের চেষ্টা চলছে। এ ঘটনায় গতকাল বাবুলের বাবা মামলা করেছেন।